

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

October 20, 2010

Climate Messenger of Al-Gore to support Bangladesh's fight against Climate Change

A delegation led by Mr. Lance Simmens, Climate Messenger of the former US Vice-President Al-Gore and currently a cabinet member at the Office of the Governor of **Philadelphia**, met H.E. Mr. Akramul Qader, **Bangladesh** Ambassador to USA & State Minister at the Embassy on 20 October, 2010.

During the meeting, Bangladesh Ambassador apprised him about the vulnerability of Bangladesh while touching on the various measures taken by the present Government to address the challenge. Being one of the most vulnerable countries in the world, Ambassador Qader added, Bangladesh has identified climate issue as one of its priorities to deal with both nationally, regionally and internationally. Given the track record to fight climate menace with her own resources, Bangladesh Ambassador informed the dignitary that Bangladesh desires to establish an International Climate Adaptation Centre in Bangladesh dedicated to climate change adaptation research and modelling. He also sought cooperation from friendly countries, groups, individuals & friends in this regard.

While appreciating the on-going activities of the Government to meet the challenge, Mr. Simmens offered to dedicate himself for the cause of climate issue of Bangladesh & propounded to sensitize the global community & mobilize public opinion in favor of Bangladesh. Considering the prevailing ignorance in USA and elsewhere about the magnitude of **the climate challenge** impact in general and Bangladesh's vulnerability in particular, Mr. Simmens offered to help produce a documentary film on behalf of Bangladesh which will ultimately depict the real effect on the

plight of Bangladesh due to climatic conditions. While appreciating his offer, Bangladesh Ambassador assured him to take up the issue with the concerned authorities in Bangladesh. Mr. Simmens added that Bangladesh could get tremendous mileage by making such a documentary film available among the media houses and entertainment community in USA, in particular, where he has easy access due to his long association.

Mr. Simmens, who has earned accolade worldwide for making 93 power-point presentations on climate so far, offered to make a presentation at the Embassy. The Ambassador gladly accepted his offer and assured him to organize such an event soon in which US officials, academics, [civil society members](#) and other stake-holders will be invited.

Mr. Lance Simmens, a world-renowned figure on the issue of climate change, is one of the climate messengers specially handpicked by the former US Vice President Al-Gore to sensitize the world about the adverse impact of climate change. He is currently the Special Assistant to the Governor of the State of Pennsylvania for Inter-Governmental Affairs.

It may be mentioned here that Bangladeshi-Americans based in Philadelphia organized a seminar entitled "Help Our Planet Earth from Calamities due to Climate Change" on 21 March, 2010. The event attracted presence from local leaders including local Congressmen, Senators and stake-holders and the event culminated in the signing of the "Philadelphia Declaration" to raise awareness at grass roots level throughout the USA as well as around the world. Mr. Lawrence made a presentation at the event and his today's meeting with the Bangladesh Ambassador along with the delegation was to take a stock about the progress made so far and to convey his commitment and eagerness to work for Bangladesh on the climate issue.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail-
pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

অক্টোবর ২০, ২০১০

আল-গোরের জলবায়ু বিষয়ক বিশেষ দূত কর্তৃক জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশকে সমর্থন প্রদান।

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন উপরাষ্ট্রপতি এবং বর্তমানে ফিলাডেলফিয়া অঙ্গরাজ্যে গভর্নরের দফতরের কেবিনেট সদস্য জনাব আল-গোরের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জনাব ল্যান্স সিমেন্স-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল ২০ অক্টোবর ২০১০ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে নিয়োজিত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের-এর সাথে সাক্ষাৎ করেন।

উক্ত সাক্ষাৎকালে মান্যবর রাষ্ট্রদূত জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিরূপ পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক পরিমন্ডলে গৃহিত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে উক্ত প্রতিনিধিদলকে অবহিত করেন। মান্যবর রাষ্ট্রদূত জানান যে, নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জলবায়ু ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশের দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে। উক্ত অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাংলাদেশ একটি আন্তর্জাতিক জলবায়ু অভিযোজন কেন্দ্র স্থাপনে আগ্রহী যার উদ্দেশ্য হবে জলবায়ু বিষয়ক গবেষণা ও মডেলিংয়ের মাধ্যমে স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখা।

জনাব সিমেন্স বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের ভূয়সী প্রশংসা করেন এবং জলবায়ু সংকট মোকাবেলায় বাংলাদেশকে সর্বোত্তম সাহায্য করার অঙ্গীকার ব্যক্ত করেন। সাধারণভাবে বিশ্ববাসীর উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য ক্ষতিকারক প্রভাব এবং বিশেষ করে বাংলাদেশে উদ্ভূত সংকটাপন্ন অবস্থা সম্পর্কে বিশ্বনেতৃবৃন্দ এবং সাধারণ গণমানুষের সচেতনতা বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন। এ উদ্দেশ্যে তিনি বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের উপর একটি প্রামাণ্য চলচ্চিত্র তৈরীর প্রস্তাব করেন। তিনি আশা প্রকাশ করেন, উক্ত চলচ্চিত্রটি মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন বার্তা সংস্থা এবং সাংস্কৃতিক পরিমন্ডলে অত্যন্ত

গুরুত্বের সাথে গৃহীত হবে যার মাধ্যমে বাংলাদেশ বিশেষভাবে উপকৃত হবে। মান্যবর রাষ্ট্রদূত তাঁকে আশ্বস্ত করেন যে, তিনি উক্ত প্রস্তাব বাংলাদেশ সরকারের উপযুক্ত প্রতিনিধি ও সংস্থায় প্রেরণ করবেন।

জনাব সিমেন্স এ যাবৎকালে বিশ্বের বিভিন্ন স্থানে ৯৩ বার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জলবায়ু বিষয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। বিগত ২১ মার্চ ২০১০ তারিখে ফিলাডেলফিয়াস্থ প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক আয়োজিত "হেল্প আওয়ার প্লেনেট আর্থ ফ্রম কালামিটিজ ডিউ টু ক্লাইমেট চেঞ্জ" শীর্ষক একটি সেমিনারেও তিনি তাঁর বক্তব্য উপস্থাপন করেন। উক্ত সেমিনারে স্থানীয় নেতৃবৃন্দ, কংগ্রেসম্যান, সিনেটর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তির উপস্থিতিতে যুক্তরাষ্ট্রের সর্বস্তরের গণমানুষের মধ্যে জলবায়ু ঝুঁকির সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে "ফিলাডেলফিয়া ডিক্লারেশন" ঘোষিত হয়।

জলবায়ু সংকট মোকাবেলায় বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করার উদ্দেশ্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন এ ব্যক্তি ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাঁর বক্তব্য উপস্থাপনের আগ্রহ প্রকাশ করেছেন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর এ প্রস্তাব সাদরে গ্রহণ করেছেন এবং উক্ত প্রেজেন্টেশনে অংশগ্রহণের জন্য যুক্তরাষ্ট্রের উচ্চ পর্যায়ের সরকারী কর্মকর্তা, শিক্ষাবিদ ও সুশীল সমাজের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানোর উদ্দেশ্যে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে তাঁকে আশ্বস্ত করেছেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com